কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

প্রাইমারী স্কুলে চাকরি মানেই...
D.El.Ed
APPROVED BY : WBBPE & NCTE
COURSE FEE : 65,000/-
HALDAR GROUP 7980447585

বর্ষ ৪৩ সংখ্যা ১৪ কলকাতা বুধবার, ২ নভেম্বর ২০২২/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১৬ কার্তিক ১৪২৯ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

### ছয় পুলিশ বাহিনী, আসাম রাইফেলস ও নার্কোটিক্স কন্ট্রোল ব্যুরোতে

## ২৪৩৬৯ কনস্টেবল, রাইফেলম্যান ও সিপাই

কনস্টেবল (জেনারেল ডিউটি), রাইফেলম্যান (জেনারেল ডিউটি) এবং সিপাই পদে ২৪,৩৬৯ জনকে নেবে কেন্দ্রীয় সরকার। কনস্টেবল (জেনারেল ডিউটি) পদে নিয়োগ করা হবে বর্ডার সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স (সি আর পি এফ), সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স (সি আই এস এফ), ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্স (আই টি বি পি), সশস্ত্র সীমা বল (এস এস বি) ও সেক্রেটারিয়েট সিকিউরিটি ফোর্সে (এস এস এফ)। রাইফেলম্যান (জেনারেল ডিউটি) পদে নিয়োগ করা হবে আসাম রাইফেলসে এবং সেপাই পদে নিয়োগ করা হবে নার্কোটিক্স কন্ট্রোল ব্যুরোতে (এন সি বি)। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন, 'কনস্টেবল (জি ডি) ইন সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস, এস এস এফ, রাইফেলম্যান (জি ডি) ইন আসাম রাইফেলস অ্যান্ড সেপাই ইন নার্কোটিক্স কন্ট্রোল ব্যুরো এক্সামিনেশন, ২০২২'-এর মাধ্যমে।

মনে রাখবেন, বর্ডার সিকিউরিটি ফোর্স, সি আই এস এফ, সি আর পি এফ, এস এস বি, ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্স এবং আসাম রাইফেলসে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী যে-রাজ্যের স্থায়ী বাসিন্দা, সেই রাজ্যের নির্দিষ্ট শূন্যপদের জন্যই বিবেচিত হবেন। এর পাশাপাশি, সংশ্লিষ্ট রাজ্যের স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র হিসেবে প্রার্থীকে ডোমিসাইল সার্টিফিকেট বা পার্মানেন্ট রেসিডেন্সিয়াল সার্টিফিকেট দাখিল করতে হবে। তবে বিভিন্ন রাজ্যের জন্য পৃথক ভাবে নির্দিষ্ট শূন্যপদের সংখ্যা ঘোষণা করা হয়নি।

**শূন্যপদের বিবরণ: বর্ডার সিকিউরিটি ফোর্স: পুরুষ:** ৮,৯২২টি (সাধারণ ৩,৭৩৩, তফসিলি জাতি ১,৪০৫, তফসিলি উপজাতি ৯১৭, ও বি সি ১৯৮০, আর্থিক ভাবে অনগ্রসর ৮৮৭)। মহিলা: ১,৫৭৫টি (সাধারণ ৬৬১, তফসিলি জাতি ২৪৫, তফসিলি উপজাতি ১৬৩, ও বি সি ৩৪৮, আর্থিক ভাবে অনগ্রসর ১৫৮)।

**সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স: পুরুষ:** ৯০টি (সাধারণ ৫০, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৮, আর্থিক ভাবে অনগ্রসর ৯)। মহিলা: ১০টি (সাধারণ)।

**সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স:** পুরুষ: ৮,৩৮০টি (সাধারণ ৩,৭১০, তফসিলি জাতি ১,৩৫৭, তফসিলি উপজাতি ৪৬০, ও বি সি ১,৯৭৫, আর্থিক ভাবে অনগ্রসর ৮৭৮)। মহিলা ৫৩১টি (সাধারণ ২২৮, তফসিলি জাতি ৮৪, তফসিলি উপজাতি ৪৯, ও বি সি ১১৮, আর্থিক ভাবে অনগ্রসর ৫২)।

**সশস্ত্র সীমা বল: পুরুষ:** ১,০৪১টি (সাধারণ ৪৬৪, তফসিলি জাতি ২০৪, তফসিলি উপজাতি ৭৬, ও বি সি ২৪৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫৪)। মহিলা: ২৪৩টি (সাধারণ ১০৭, তফসিলি জাতি ৬১, তফসিলি উপজাতি ৬, ও বি সি

*এরপর আটের পাতায়*

### অ্যাটমিক মিনারেলসে
## ৩১২

অ্যাসিস্ট্যান্ট সিকিউরিটি অফিসার ও সিকিউরিটি গার্ড পদে ৩১২ জনকে নেবে অ্যাটমিক এনার্জি দপ্তরের অধীনস্থ অ্যাটমিক মিনারেলস ডিরেক্টোরেট ফর এক্সপ্লোরেশন অ্যান্ড রিসার্চ। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: AMD-03/2022.

**শূন্যপদের বিবরণ: অ্যাসিস্ট্যান্ট সিকিউরিটি অফিসার-এ:** ৩৮টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য

*এরপর পাঁচের পাতায়*

## সি আর পি এফে ৩২২ খেলোয়াড়

বিভিন্ন ক্রীড়াক্ষেত্র থেকে ৩২২ জন খেলোয়াড় নেবে সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স (সি আর পি এফ)। নিয়োগ হবে হেড কনস্টেবল (জেনারেল ডিউটি) পদে। প্রাথমিক ভাবে এটি একটি অস্থায়ী নিয়োগ হলেও, ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে। পুরুষ ও মহিলা উভয়ই আবেদনের যোগ্য।

**ক্রীড়াক্ষেত্র অনুসারে শূন্যপদের বিন্যাস:** আর্চারি: পুরুষ ২টি, মহিলা ৪টি। অ্যাথলেটিক্স: পুরুষ ৪২টি, মহিলা ৮টি। ব্যাডমিন্টন: পুরুষ ৬টি, মহিলা ২টি। বাস্কেটবল: ৬টি (পুরুষ)। বডিবিল্ডিং: ১৪টি (পুরুষ)। বক্সিং: পুরুষ ১৪টি, মহিলা ৩টি। ফুটবল: পুরুষ ৪টি, মহিলা ৩টি। জিমন্যাস্টিক্স: ৯টি (পুরুষ)। হ্যান্ডবল: ৪টি (পুরুষ)। হকি: পুরুষ ৯টি, মহিলা ৪টি। জুডো: পুরুষ ১৩টি, মহিলা ৪টি। কবাডি: পুরুষ ৯টি, মহিলা ৩টি। ক্যারাটে: পুরুষ ৭টি, মহিলা ৩টি। শুটিং: ১৮টি (পুরুষ)। সুইমিং: পুরুষ ১৬টি, মহিলা ৪টি। ওয়াটার পোলো: ৪টি (পুরুষ)। ট্রায়াথলন: ২টি (পুরুষ)। তায়কোন্ডো: পুরুষ ১১টি, মহিলা ৪টি। ভলিবল: পুরুষ ৬টি, মহিলা ৩টি। ওয়াটার স্পোর্টস: পুরুষ ১৪টি, মহিলা ৬টি। ওয়েটলিফটিং: পুরুষ ৭টি, মহিলা ৪টি। রেসলিং (ফ্রি স্টাইল): পুরুষ ৯টি, মহিলা ৭টি। রেসলিং (গ্রেকো রোমান): ৭টি (পুরুষ)। উশু: পুরুষ ২৪টি, মহিলা ৩টি।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে উচ্চমাধ্যমিক পাশ। **খেলাধুলার যোগ্যতা:** সিনিয়র বা জুনিয়র বিভাগে জাতীয় স্তরের কোনও প্রতিযোগিতায় ব্যক্তিগত বা দলগত ইভেন্টে পদক জিতে থাকতে হবে অথবা কোনও আন্তর্জাতিক প্রতিযোগিতায় ব্যক্তিগত বা দলগত ইভেন্টে দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে।

*এরপর আটের পাতায়*

## দিল্লি সরকারে ২০৩ লাইব্রেরিয়ান ও শিক্ষক

লাইব্রেরিয়ান, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (কম্পিউটার সায়েন্স), ডোমেস্টিক সায়েন্স টিচার এবং ফিজিক্যাল এডুকেশন টিচার পদে ৬২৮ জনকে নেবে দিল্লি সরকার। নিয়োগ করা হবে শিক্ষা বিভাগে। প্রার্থী বাছাই করবে দিল্লি সাব-অর্ডিনেট সার্ভিসেস সিলেকশন বোর্ড। পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্যপদে আবেদন জানাতে পারবেন। তাই এখানে সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট ২০৩টি শূন্যপদের বিষয়ে জানানো হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 08/22.

**শূন্যপদের বিবরণ: লাইব্রেরিয়ান:** পোস্ট কোড 37/22: শূন্যপদ: ২৫টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে লাইব্রেরি সায়েন্সে ব্যাচেলর্স ডিগ্রি বা সমতুল ডিপ্লোমা। এর পাশাপাশি কোনও লাইব্রেরিতে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা

*এরপর পাঁচের পাতায়*

### ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্সে
## ১৮৬ মোটর মেকানিক

১৮৬ জন মোটর মেকানিক নেবে ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্স। নিয়োগ হবে হেড কনস্টেবল এবং কনস্টেবল পদে, গ্রুপ 'সি' ক্যাটেগরিতে। প্রাথমিক ভাবে অস্থায়ী নিয়োগ হলেও, পরে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে।

**শূন্যপদের বিবরণ: হেড কনস্টেবল:** ৫৮টি (সাধারণ ২৬, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে মোটর মেকানিক ট্রেডে আই টি আই কোর্স পাশ এবং কোনও ওয়ার্কশপে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা কোর্স পাশ।

**কনস্টেবল:** ১২৮টি (সাধারণ ৫৪, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি ১০, ও বি সি ৩৩, আর্থিক ভাবে

*এরপর তিনের পাতায়*

### ইন্ডিয়ান অয়েলে
## ১৫৩ অ্যাপ্রেন্টিস


২৬৫ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনের সাদার্ন রিজিয়ন মার্কেটিং ডিভিশন। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে প্রশিক্ষণ দেওয়া হবে অ্যাকাউন্টস, ডেটা এন্ট্রি অপারেটর এবং রিটেল সেলস অ্যাসোসিয়েট ট্রেডে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর IOCL/MKTG/SR/APPR/2022-23.

পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ প্রার্থীদের জন্য নির্দিষ্ট আসনের জন্যই আবেদন জানাতে পারবেন। সেজন্য এখানে কেবল সাধারণ প্রার্থীদের জন্য নির্দিষ্ট ১৫৩টি শূন্য আসনের কথাই জানানো হল। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

**আসনসংখ্যার বিবরণ:** ট্রেড অ্যাপ্রেন্টিস-অ্যাকাউন্টস এক্সিকিউ-

*এরপর তিনের পাতায়*

ফুরোবার আগেই সংগ্রহ করুন




## মশারোধী ভেষজ ধূপকাঠি আয়ের পথ দেখাচ্ছে



**প্রতি বছর বর্ষায় প্রকোপ বাড়ে মশকবাহিত রোগের। ডেঙ্গি, ম্যালেরিয়া কিংবা চিকনগুনিয়ার। বাড়ির আশেপাশে জল জমতে না দিয়ে মশার বংশবিস্তার আটকানো আর মশার থেকে দূরে থাকাই রোগ ঠেকানোর একমাত্র উপায়। বাড়িতে মশার প্রবেশ বন্ধে মশারোধী ভেষজ ধূপের এখন খুব চাহিদা। ভেষজ বলেই পরিবেশ বা স্বাস্থ্যের পক্ষে একেবারে ক্ষতিকর নয়। ভেষজ ধূপের ব্যবসা করে ভালো উপার্জন করা যায় ঘরে বসেই।**

**নিজস্ব প্রতিনিধি:** করোনা নয়, ডেঙ্গি এখন চোখ রাঙাচ্ছে। ডেঙ্গি মশাবাহিত রোগ। রাজ্যে তিরিশ হাজারের উপর মানুষ ইতিমধ্যেই এই রোগে আক্রান্ত। মারাও গিয়েছেন অনেকে। এদিকে বিলম্বিত বর্ষা, অসময়ের ঝড়বৃষ্টি আর নাগরিকদের অসচেতনতার সুযোগে মশার উপদ্রব ক্রমশই বাড়তির দিকে। বিভিন্ন জায়গায় জল জমে থাকায় মশার সংখ্যা বৃদ্ধি পাচ্ছে।

কেবল এ বছরই নয়, ফি-বছর মানুষ নাজেহাল হন ম্যালেরিয়া, চিকনগুনিয়া, ডেঙ্গি ইত্যাদি মশাবাহিত রোগে। সেজন্য সারা বছরই মশার হাত থেকে বাঁচতে বাড়িতে বা অফিসে বিভিন্ন ধরনের মশারোধক-মশানাশক ধূপকাঠি, কয়েল, রেপেলেন্ট, স্প্রে, সিট্রোনেলা তেল, শরীরের খোলা অংশে রেপেলেন্ট লোশন বা ক্রিম ব্যবহার করা হয়। তবে এগুলির বেশ কয়েকটিতে রাসায়নিক উপাদান থাকায় স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর। স্বাস্থ্যের কথা চিন্তা করেই ভেষজ বা হার্বাল উপকরণ ব্যবহারের উপর তাই বিশেষ জোর দেওয়া হচ্ছে।

যেমন, ভেষজ মশারোধী ধূপকাঠি। আর পাঁচটা ধূপকাঠির মতোই সুগন্ধযুক্ত। মশাকেও দূর রাখে। কিন্তু পরিবেশ বা স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর উপাদান নেই। মশারোধক সব ধরনের সামগ্রীর মধ্যে সবচেয়ে বেশি বিক্রি হয়

*এরপর পাঁচের পাতায়*

## ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্সে ১৮৬

*প্রথম পাতার পর*

অনগ্রসর ১৩)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ অথবা কোনও সংস্থায় সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ২৭-১১-২০২২ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। **দৈহিক মাপজোক:** উচ্চতা ১৭০ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি, গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৬৫ সেমি)। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ সেমি ও ৮৫ সেমি (তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৬ সেমি ও ৮১ সেমি, গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৮ সেমি ও ৮৩ সেমি)। **দৃষ্টিশক্তি:** চশমা ছাড়া কাছের ক্ষেত্রে ভালো চোখে এন৬ ও খারাপ চোখে এন৯, দূরের ক্ষেত্রে ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯। রং চেনার ক্ষমতা সি পি-থ্রি মানের হতে হবে। বর্ণান্ধতা, ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, শিরাস্ফীতি ও তির্যক দৃষ্টি থাকলে আবেদন করবেন না। **বেতনক্রম:** হেড কনস্টেবল পদের ক্ষেত্রে ২৫,৫০০-৮১,১০০ টাকা, কনস্টেবল পদের ক্ষেত্রে ২১,৭০০-৬৯,১০০ টাকা।

মোট শূন্যপদের মধ্যে ১০ শতাংশ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, নথিপত্র যাচাই, লিখিত পরীক্ষা এবং প্র্যাক্টিক্যাল টেস্টের মাধ্যমে। সবশেষে হবে মেডিক্যাল এক্সামিনেশন। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিলোমিটার দৌড়, তিন বারের সুযোগে ১১ ফুট লং জাম্প এবং সাড়ে ৩ ফুট হাই জাম্প। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল নলেজ, ম্যাথমেটিক্স, হিন্দি, ইংলিশ এবং সংশ্লিষ্ট বিষয়ে। সময়সীমা ২ ঘণ্টা। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://recruitment.itbpolice.nic.in দরখাস্ত করা যাবে ২৭ নভেম্বর পর্যন্ত। ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। তফসিলি এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না।দরখাস্তের পদ্ধতি-সহ বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## অ্যাটমিক এনার্জিতে চাকরি

৭০ জন জুনিয়র পারচেজ অ্যাসিস্ট্যান্ট/জুনিয়র স্টোরকিপার নেবে কেন্দ্রীয় সরকারের অ্যাটমিক এনার্জি দপ্তরের পারচেজ অ্যান্ড স্টোর্স ডিরেক্টোরেট। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। প্রথমে ৬ মাসের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1/DPS/2022.

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ১৩, তফসিলি জাতি ২৩, ও বি সি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ২২। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

**শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান বা বাণিজ্য শাখায় স্নাতক। অথবা মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। সব ক্ষেত্রেই প্রার্থীকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। জন্মতারিখ হতে হবে ১০-১১-১৯৯৫ থেকে ১০-১১-২০০৪ তারিখের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড: নির্দিষ্ট মাসিক ১৮,০০০ টাকা। সেই সঙ্গে অন্যান্য ভাতা। সফল ট্রেনিং শেষে বেতনক্রম: ২৫,৫০০-৮১,১০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের লিখিত পরীক্ষার মাধ্যমে। প্রথম পর্যায়ের পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে— জেনারেল ইংলিশ, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং ইন সায়েন্স, বেসিক অ্যাকাউন্টিং প্রিন্সিপলস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (এরিথমেটিক), জেনারেল নলেজ, কম্পিউটার নলেজ। মোট নম্বর ২০০। সময় ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় থাকবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ ও কম্প্রিহেনশন বিষয়ে ১০০ নম্বরের ডেসক্রিপ্টিভ ধরনের প্রশ্ন। সময় ৩ ঘণ্টা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://dpsdae.formflix.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১০ নভেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইনে ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ও কনস্ট্রাকশন সেফটির ডিপ্লোমা কোর্স

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ও লেবার ওয়েলফেয়ারের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স এবং কনস্ট্রাকশন সেফটির অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে স্টেট লেবার ইনস্টিটিউট। এটি রাজ্যের শ্রম দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। কোর্সগুলি ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট দ্বারা স্বীকৃত। কোর্সের মেয়াদ ১ বছর। কলকাতা, আসানসোল ও শিলিগুড়ি কেন্দ্রে প্রশিক্ষণ দেওয়া হবে।

কোর্সের বিবরণ: **অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স ইন কনস্ট্রাকশন সেফটি:** আসনসংখ্যা কলকাতা ৩৫টি (সাধারণ প্রার্থী ৩০, স্পনসর্ড প্রার্থী ৫)। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা সিভিল বা স্ট্রাকচারাল বা কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি বা ডিপ্লোমা। বিজ্ঞান শাখায় স্নাতক পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। স্নাতকে ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত যোগ্যতার পাশাপাশি কোনও কনস্ট্রাকশন সংস্থায় সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ও লেবার ওয়েলফেয়ার:** আসনসংখ্যা: **কলকাতা:** ৪৫টি (সাধারণ প্রার্থী ৪০, স্পনসর্ড প্রার্থী ৫)। **শিলিগুড়ি:** ৩০টি (সাধারণ প্রার্থী ২৫, স্পনসর্ড প্রার্থী ৫)। **আসানসোল:** ৩০টি (সাধারণ প্রার্থী ২৫, স্পনসর্ড প্রার্থী ৫)। সরকারি নিয়মানুসারে তফসিলি এবং ও বি সি প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক-সহ কমপক্ষে ১০০ জন কর্মী-বিশিষ্ট কোনও প্রতিষ্ঠানে ওয়েলফেয়ার অফিসার বা পার্সোনেল অফিসার বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস অফিসার বা সুপারভাইজর বা সমতুল পদে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**কোর্স ফি:** উভয় কোর্সের ক্ষেত্রেই সাধারণ প্রার্থী: ৮,০০০ টাকা এবং স্পনসর্ড প্রার্থী: ১২,০০০ টাকা।

উভয় কোর্সের ক্ষেত্রেই প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১৮ ডিসেম্বর, রবিবার। প্রশ্ন আসবে ইংলিশ রাইটিং এবিলিটি, ম্যাথমেটিক্যাল এবিলিটি, জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স এবং লজিক্যাল রিজনিং বিষয়ে। মোট নম্বর ১০০। পরীক্ষার অ্যাডমিট কার্ড প্রার্থীর ই-মেলে পাঠানো হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://wblc.gov.in/sli/admission-login আবেদনের শেষ তারিখ ৩০ নভেম্বর।

আবেদনের ফি বাবদ দিতে হবে ১০০ টাকা, এই ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বরে: Name of the Account: Director, State Labour Institute, Account No: 0263104000061375, Bank & Branch: IDBI Bank, Kankurgachi Branch, IFSC Code: IBKL0000263.

আবেদনের সময় আপলোড করতে হবে এইসব নথি প্রার্থীর রঙিন ফটো, জন্মের শংসাপত্র, স্থায়ী বাসস্থানের প্রমাণপত্র, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র, কাস্ট সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে এমপ্লয়মেন্ট সার্টিফিকেট, ফি জমা দিয়ে পাওয়া রিসিপ্ট।

আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট অথবা যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৩২০-৮৮৫৪।

## ভারত ডায়নামিক্সে ম্যানেজমেন্ট ট্রেনি

৩১ জন ম্যানেজমেন্ট ট্রেনি নেবে ভারত ডায়নামিক্স লিমিটেড। এটি ভারত সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ফিনান্স এবং হিউম্যান রিসোর্স শাখায় সফল ভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 2022-3.

**শূন্যপদের বিবরণ:** ইলেক্ট্রনিক্স: ১২টি। মেকানিক্যাল: ১০টি। ইলেক্ট্রিক্যাল: ৩টি।

শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই অথবা বি টেক। ৫ বছর মেয়াদের ইন্টিগ্রেটেড ডিগ্রি কোর্স পাশ করে থাকলেও আবেদন করতে পারেন।

ফিনান্স: ৩টি। শিক্ষাগত যোগ্যতা: আই সি এ আই বা আই সি ডব্লু এ আই-এর ফাইনাল পরীক্ষায় পাশ। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর ও ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা।

হিউম্যান রিসোর্স: ৩টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ হিউম্যান রিসোর্স বা পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা পার্সোনেল ম্যানেজমেন্ট বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা সোশ্যাল সায়েন্স বা সোশ্যাল ওয়েলফেয়ার বা সোশ্যাল ওয়ার্কে এম বি এ বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা।

বয়স: ৩০-৯-২০২২ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। ফিনান্স শাখার ক্ষেত্রে সি এ বা আই সি ডব্লু এ যোগ্যতাসম্পন্ন প্রার্থীরা ২৮ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

ট্রেনিং চলাকালীন বেতনক্রম: ৪০,০০০-১,৪০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয় এবং জেনারেল অ্যাপ্টিটিউড বিষয়ে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://bdl-india.in দরখাস্তের শেষ তারিখ ২৮ নভেম্বর। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও সই আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা ইউ পি আইয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিটের পর রেজিস্ট্রেশন স্লিপ পাওয়া যাবে। এটির এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ইন্ডিয়ান অয়েলে ১৫৩ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

**টিভ/গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস:** তামিলনাড়ু ও পুদুচেরি: ৩৬টি, কর্নাটক: ১২টি, কেরল: ২২টি, অন্ধ্র প্রদেশ: ১২টি, তেলঙ্গানা: ১২টি।

**ট্রেড অ্যাপ্রেন্টিস-ডেটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার):** তামিলনাড়ু ও পুদুচেরি: ৪টি, কর্নাটক: ৩টি, কেরল: ৩টি, অন্ধ্রপ্রদেশ: ৩টি, তেলঙ্গানা: ৩টি।

**ট্রেড অ্যাপ্রেন্টিস-ডেটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার):** তামিলনাড়ু ও পুদুচেরি: ২টি, কর্নাটক: ২টি, কেরল: ১টি, অন্ধ্র প্রদেশ: ১টি, তেলঙ্গানা: ১টি।

**ট্রেড অ্যাপ্রেন্টিস-রিটেল সেলস অ্যাসোসিয়েট (ফ্রেশার):** তামিলনাড়ু ও পুদুচেরি: ৫টি, কর্নাটক: ৫টি, কেরল: ৬টি, অন্ধ্র প্রদেশ: ৫টি, তেলঙ্গানা: ৫টি।

**ট্রেড অ্যাপ্রেন্টিস-রিটেল সেলস অ্যাসোসিয়েট (স্কিল সার্টিফিকেট হোল্ডার):** তামিলনাড়ু ও পুদুচেরি: ২টি, কর্নাটক: ২টি, কেরল: ২টি, অন্ধ্রপ্রদেশ: ২টি, তেলঙ্গানা: ২টি।

**শিক্ষাগত যোগ্যতা:** অ্যাকাউন্টস এক্সিকিউটিভ/গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক।

ডেটা এন্ট্রি অপারেটরের ক্ষেত্রে উচ্চমাধ্যমিক পাশ। স্কিল সার্টিফিকেট হোল্ডারদের ক্ষেত্রে সেই সঙ্গে 'ডোমেস্টিক ডেটা এন্ট্রি অপারেটর' সার্টিফিকেট কোর্স পাশ।

রিটেল সেলস অ্যাসোসিয়েটের ক্ষেত্রে উচ্চমাধ্যমিক পাশ। স্কিল সার্টিফিকেট হোল্ডারদের ক্ষেত্রে সেই সঙ্গে 'রিটেল ট্রেনি অ্যাসোসিয়েট' সার্টিফিকেট কোর্স পাশ।

বয়স: ৩১-১০-২০২২ তারিখে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে।

মনে রাখবেন, কোনও একটি রিজিয়নে, কোনও একটি ট্রেডে প্রশিক্ষণের জন্যই আবেদন করতে পারবেন। প্রশিক্ষণের মেয়াদ ডেটা এন্ট্রি অপারেটরের (ফ্রেশার ও স্কিল সার্টিফিকেট হোল্ডার) ক্ষেত্রে ১ বছর ৩ মাস, রিটেল সেলস অ্যাসোসিয়েটের (ফ্রেশার ও স্কিল সার্টিফিকেট হোল্ডার) ক্ষেত্রে ১ বছর ২ মাস এবং অ্যাকাউন্টস ট্রেডের ক্ষেত্রে অন্তত ১ বছর।

এর আগে কোনও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ে অংশ নিয়ে থাকলে বা কোনও সংস্থায় ১ বছর বা তার বেশি সময় ধরে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। অ্যাকাউন্টস ট্রেডের ক্ষেত্রে প্রশ্ন হবে জেনারেল অ্যাপ্টিটিউড (কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড-সহ), রিজনিং এবিলিটি ও ইংলিশ ল্যাঙ্গুয়েজ বিষয়ে। ডেটা এন্ট্রি অপারেটর ট্রেডের ক্ষেত্রে প্রশ্ন হবে জেনারেল অ্যাপ্টিটিউড অ্যান্ড রিজনিং, জেনারেল ইংলিশ, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড এবং জেনারেল নলেজ বিষয়ে। রিটেল সেলস অ্যাসোসিয়েট ট্রেডের ক্ষেত্রে প্রশ্ন হবে জেনারেল অ্যাপ্টিটিউড, রিজনিং এবং বেসিক ইংলিশ ল্যাঙ্গুয়েজ বিষয়ে।

প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে নাম নথিভুক্ত করতে হবে ডেটা এন্ট্রি অপারেটর এবং রিটেল সেলস অ্যাসোসিয়েট ট্রেডের ক্ষেত্রে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeshipindia.org এবং অ্যাকাউন্টস ট্রেডের ক্ষেত্রে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in

এরপর অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iocl.com আবেদন করা যাবে ১২ নভেম্বর পর্যন্ত।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট www.iocl.com


Ministry of Micro, Small and Medium Enterprises, Government of India

NSIC

CTTC KOLKATA

ISO 9001 : 2015
ISO 29990 : 2010
OHSAS 18001 : 2007
CERTIFIED

**MSME TOOL ROOM-KOLKATA**

**Ministry of Micro, Small & Medium Enterprises**
**Govt. of India**

Bon Hooghly Industrial Area, Kolkata-700 108, E-Mail: cttc-msme@gov.in

**FREE RESIDENTIAL TRAINING PROGRAM FOR SC/ST CANDIDATES**

MSME Tool Room Kolkata is a leading Tool Room & Training Centre under Ministry of MSME Govt. of India, imparting skill based Training program in the field of Engineering & Technology. Application are invited from intending candidates in the prescribed form for admission to the following courses,

| SL. No. | Name of Course | | Selection Date | For further details contact |
|---|---|---|---|---|
| 1. | Certificate Course in Handheld Product-HHP (Tablets, Mobile Phones, Smart Phones etc.) | NSQF COMPLIANT LEVEL 5 | 01.11.22 | 7003747092 9038578065 |
| 2. | Certificate Course in Audio Video - AV (LED, LCD, Plasma TV, Home Theater with Blue Ray Player etc.) | NSQF COMPLIANT LEVEL 5 | 01.11.22 | 7003747092 9038578065 |
| 3. | Certificate Course in Room Air Conditioner & Home Appliances - RACHA (Split AC, Conventional & Inverter Model, Refrigerator, Washing Machine, Microwave Oven etc.) | NSQF COMPLIANT LEVEL 5 | 01.11.22 | 9477373445 9038578065 |

**Qualification :** H.S. / Vocational Trades / ITI / Diploma / B.A / B.Sc/ B.Com/B.Tech & above

**IMPORTANT NOTE :**

- Theory, Practical & On Site Training Classes to be conducted at CTTC Kolkata & Service Centres of Reputed Electronic Companies.
- Fooding & Lodging of all admitted Candidates are Free of Cost.
- Limited Seats are available **(First Come First Serve Basis)**

**Our Placement Report is 100% for above courses, after successful training.**

Interested Candidates may directly report to CTTC, Kolkata for counselling on 01.11.2022

For any further details visit our Website: www.msmetoolroomkolkata.com

**Training Cell Contact No. : 9330193304**

# কারেন্ট অ্যাফেয়ার্স

১ অক্টোবর-৭ অক্টোবর

**১ অক্টোবর** অরুণাচল প্রদেশ ও নাগাল্যান্ডে বিতর্কিত আফস্পা আইনের মেয়াদ বাড়াল কেন্দ্র। এর ফলে ওই রাজ্যগুলিতে অশান্তির আশঙ্কাও বাড়ল। গত মার্চ মাসে স্বরাষ্ট্র মন্ত্রক নাগাল্যান্ড, আসাম এবং মণিপুরের বেশ কয়েকটি জায়গা থেকে আফস্পা প্রত্যাহারের সিদ্ধান্ত জানিয়েছিল। কিন্তু সূত্রের খবর, নাগাভূমে অশান্তির আঁচ পেয়ে নাগাল্যান্ডের ন'টি 'উপদ্রুত' জেলা ও ১৬টি থানা এলাকায় আফস্পার মেয়াদ ছ'মাস বাড়ানো হয়েছে। অরুণাচল প্রদেশেও আফস্পার মেয়াদ বেড়েছে তিন জেলায়।

## আনুষ্ঠানিক ভাবে ৫জি পরিষেবার সূচনা করলেন মোদী




**১ অক্টোবর:** ভারতে আনুষ্ঠানিক ভাবে ৫জি পরিষেবার সূচনা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। যদিও এখনই ভারতের প্রতিটি প্রান্তে ৫জি পরিষেবা পৌঁছবে না। প্রথমে ১৩টি শহর এবং তারপর ধাপে ধাপে পুরো দেশ আসবে ৫জি-র আওতায়। এদিন দিল্লিতে 'ইন্ডিয়া মোবাইল কনফারেন্স, ২০২২'-এ ৫জি পরিষেবার উদ্বোধন করেন মোদী। তিনি বলেন, 'মোবাইলের দাম, ডিজিটাল সংযোগ, ডেটার খরচ এবং ডিজিটাল ইন্ডিয়া গঠন— এগুলিই সরকারের মূল লক্ষ্য। ৫জি প্রযুক্তি টেলিকম ক্ষেত্রে বিপ্লব আনবে। ২জি, ৩জি, ৪জি-র সময়ে প্রযুক্তির জন্য ভারতকে অন্য দেশের উপর নির্ভর করতে হয়েছিল, কিন্তু ৫জি-র ক্ষেত্রে আত্মনির্ভর ভারত ইতিহাস গড়েছে।'

**দূষণহীন পরিচ্ছন্ন শহর হিসেবে পর পর** ছয়বার সেরার তকমা পেল মধ্যপ্রদেশের ইন্দোর। এর ঠিক পরেই রয়েছে সুরাট ও নবি মুম্বই। রাজ্যভিত্তিক তালিকাতেও প্রথম স্থানে রয়েছে মধ্যপ্রদেশ। অন্যদিকে ১০০টির কম পুরসভা রয়েছে এমন রাজ্যগুলির মধ্যে সবচেয়ে ভালো ফল ত্রিপুরার। এক লক্ষের বেশি জনসংখ্যা রয়েছে গঙ্গা তীরবর্তী এমন শহর হিসেবে সেরা হয়েছে হরিদ্বার।

**২ অক্টোবর** মহাত্মা গান্ধীর ১৫৩তম জন্মদিবসে বিশ্ববাসীকে তাঁর শান্তি ও অহিংসার আদর্শ অনুসরণ করার বার্তা দিলেন রাষ্ট্রপুঞ্জের মহাসচিব আন্তোনিয়ো গুতেরেস। তিনি টুইট করলেন, 'আন্তর্জাতিক অহিংসা দিবসে, মহাত্মা গান্ধীর জন্মদিনে, শান্তি, শ্রদ্ধা ও সম্মানের মূল্য উদযাপন করছি। বর্তমান বিশ্বে আমরা যে ধরনের চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছি তার মোকাবিলা করতে গান্ধীর মতাদর্শকে আঁকড়ে ধরতে হবে। উন্নততর ভবিষ্যতের জন্য সীমান্তের বেড়া ভেঙে আমাদের গান্ধীর অহিংসার বাণী প্রচার করতে হবে।' ২০০৭-এর জুনে রাষ্ট্রপুঞ্জ ঘোষণা করেছিল এবার থেকে ২ অক্টোবর সারা বিশ্বে 'আন্তর্জাতিক অহিংসা দিবস' পালন করা হবে।

**৩ অক্টোবর** ভারতীয় বায়ুসেনায় অন্তর্ভুক্ত হল আরও একটি 'লাইট কমব্যাট হেলিকপ্টার'। এদিন রাজস্থানের যোধপুরে সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে তৈরি 'প্রচণ্ড' নামে এই হেলিকপ্টারটির অন্তর্ভুক্তি অনুষ্ঠানে ছিলেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। হেলিকপ্টারটি প্রস্তুত করেছে হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড বা হ্যাল। প্রস্তুতকারী সংস্থা সূত্রে জানানো হয়েছে, এটি বিশ্বের একমাত্র হেলিকপ্টার যা ১৬,৪০০ ফুট উচ্চতায় অস্ত্রশস্ত্র এবং জ্বালানি-সহ অনায়াসে উড়তে বা নামতে পারে।

**৪ অক্টোবর** ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কিকে রাশিয়ার সঙ্গে শান্তি ফেরাতে উদ্যোগ নেওয়ার জন্য টেলিফোনে বার্তা দিলেন নরেন্দ্র মোদী। রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ইউক্রেনের চারটি রুশ অধিকৃত এলাকায় নির্বাচন ঘোষণার পরে এই প্রথম দুই রাষ্ট্রনেতার মধ্যে কথা হল। প্রধানমন্ত্রীর দপ্তর থেকে এক বার্তায় এদিন জানানো হয়েছে জেলেনস্কিকে ফের যুদ্ধবিরতির গুরুত্বের কথা বলেন মোদী। তাঁর মতে দ্বিপাক্ষিক কূটনীতি ও কূটনৈতিক দৌত্যের উপরে রাশিয়া ও ইউক্রেন দু'দেশেরই জোর দেওয়া উচিত। মোদী আরও জানান, দু'দেশের মধ্যে শান্তি ফিরিয়ে আনতে ভারত যদি কিছু করতে পারে তবে তা অবশ্যই করবে।


**৫ অক্টোবর** ভারতে কাজের সুযোগ কমে যাওয়া নিয়ে আশঙ্কা প্রকাশ করলেন অর্থনীতিবিদ কৌশিক বসু। সেই সঙ্গে দেশে লগ্নি কেন হচ্ছে না তা নিয়েও প্রশ্ন তুলেছেন প্রাক্তন মুখ্য আর্থিক উপদেষ্টা। এর আগেও বহু অর্থনীতিবিদ বলেছেন বৃদ্ধিকে এগিয়ে নিয়ে যেতে বিনিয়োগ উল্লেখযোগ্য ভূমিকা নেয়। যার সঙ্গে কর্মসংস্থান বাড়ে। এই একই কথা জানিয়ে কৌশিক বলেছেন, অথচ দেখা যাচ্ছে এক দশকের মধ্যে দেশে লগ্নি বৃদ্ধির হারও নেমে এসেছে অনেকটা। উপদেষ্টা সংস্থা সিএমআইই-র তথ্য জানাচ্ছে, উৎসবের মরসুমের আগেও সেপ্টেম্বরে দেশে বেকারত্বের হার ৬.৪৩ শতাংশ। অর্থনীতিকে এগিয়ে নিয়ে যেতে কাজের সুযোগ তৈরিতেই জোর দিতে হবে বলে মনে করছেন অর্থনীতিবিদেরা।

**জনসংখ্যা নিয়ন্ত্রণ আইনের পক্ষে** সওয়াল করলেন সরসঙ্ঘচালক মোহন ভাগবত। সঙ্ঘ পরিবার (রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘ, আরএসএস) দীর্ঘ সময় ধরে ওই আইন আনার কথা বললেও সরকার সম্প্রতি জানিয়েছিল জন্ম নিয়ন্ত্রনে ভালো ফল হওয়ায় এখনই ওই বিল আনা হচ্ছে না। যদিও এদিন ভগবত বলেছেন 'ধর্মভিত্তিক জনসংখ্যার ভারসাম্যের অসাম্য ভৌগোলিক সীমানা পরিবর্তনের দিকে নিয়ে যায়। তাছাড়া জনসংখ্যার জন্য রসদ প্রয়োজন, তা না থাকলেই সেই জনসংখ্যা বোঝায় পরিণত হয়।

**৬ অক্টোবর** উত্তরবঙ্গে মালবাজারের কাছে মাল নদীতে হড়পা বানে ৮ জনের সলিল সমাধি ঘটল। উৎসবের শেষে বিজয়া দশমীতে প্রতিমা বিসর্জন চলছিল তখন মাল নদীতে। এদিন রাত আটটা নাগাদ হড়পা বানে আচমকা জলোচ্ছ্বাসে ভেসে গিয়েছিলেন শতাধিক। বাকিদের উদ্ধার করা হয়েছে। অনেকেই চিকিৎসাধীন রয়েছেন বলে জলপাইগুড়ি জেলা প্রশাসন জানিয়েছে। মাল নদীতে হড়পা বান কোনও নতুন ঘটনা নয়। তা সত্ত্বেও রুটিন পদক্ষেপের বাইরে কোনও বাড়তি সর্তকতা নেওয়া হল না কেন সেই প্রশ্ন উঠেছে। মাল নদীর দুর্ঘটনার জেরে বাতিল করা হয়েছে জলপাইগুড়ি জেলার পুজো কার্নির্ভাল।

**থাইল্যান্ডের নং বুয়া লামফু প্রদেশের** উথাই সাওয়ান শহরে একটি ডে-কেয়ার সেন্টারে ভয়াবহ হামলায় ৩৮ জনের মৃত্যু হল। এর মধ্যে ২৪ জনই শিশু। দুপুরের খাওয়াদাওয়ার পর বাচ্চারা ঘুমোচ্ছিল। আচমকা শটগান, পিস্তল, ছুরি নিয়ে হামলা চালায় আততায়ী। হামলার কারণ স্পষ্ট হয়নি। আততায়ী প্রথমে পালিয়ে গেলেও পরে আত্মঘাতী হয় বলে জানা গিয়েছে। পুলিশের ধারণা মাদকের নেশায় আচ্ছন্ন ছিল আততায়ী। এর আগে মাদক ব্যবহারের অভিযোগে পুলিশের চাকরি থেকে বহিষ্কৃত হয়েছিল সে।

**হারিয়ে যাওয়া সন্তোষ ট্রফির ঐতিহ্য** ফেরাতে এবার প্রতিযোগিতার শেষ পর্ব সৌদি আরবে করার সিদ্ধান্ত নিলেন ভারতীয় ফুটবল ফেডারেশনের প্রেসিডেন্ট কল্যাণ চৌবে। এদিন সৌদি আরব ফুটবল সংস্থার সঙ্গে মউ চুক্তিতে সই করলেন কল্যাণ। ঠিক হয়েছে ২০২৩ সালের ফেব্রুয়ারি মাসে সন্তোষের নক আউট পর্ব অর্থাৎ কোয়ার্টার ফাইনাল, সেমি ফাইনাল এবং ফাইনাল হবে রিয়াধ এবং জেড্ডায়। এই পদ্ধতি আন্তর্জাতিক স্তরে ভারতীয় ফুটবলার উঠে আসতে সহায়ক হবে বলে আশা প্রকাশ করেছে ফেডারেশন।



"পাকিস্তানে অসাম্প্রদায়িক রাজনীতিবিদ সালমন তাসির, মানবাধিকার কর্মী সাবিন মেহমুদকে খুন করা হয়েছে। ইরানে নিজের জীবন বিপন্ন করে হিজাবের বিরুদ্ধে মুখ খুলেছেন হাজার হাজার মেয়ে। কিন্তু দাভোলকরকে হত্যার পরেও ধর্মীয় মৌলবাদের বিরুদ্ধে প্রতিবাদে খামতি পড়েনি। আমরা ভাগ্যবান যে দাভোলকরের সময়ে আমরা ছিলাম।"

নাসিরুদ্দিন শাহ, *বর্ষীয়ান অভিনেতা*

মৌলবাদী দুষ্কৃতীদের হাতে খুন হওয়া নরেন্দ্র দাভোলকর স্মরণে একটি অনুষ্ঠানে যোগ দিয়ে

## নোবেল শান্তি পুরস্কার পেলেন অ্যালিস ও দুই মানবাধিকার সংস্থা




**৭ অক্টোবর:** এবছরের নোবেল শান্তি পুরস্কার পেলেন বেলারুশের জেলবন্দি মানবাধিকার কর্মী অ্যালিস বিলিয়াৎস্কি। পাশাপাশি বিবদমান রাশিয়া এবং ইউক্রেনের দুই মানবাধিকার সংগঠন 'রাশিয়ান হিউম্যান রাইটস অর্গানাইজেশন-মেমোরিয়াল' এবং 'ইউক্রেনিয়ান হিউম্যান রাইটস অর্গানাইজেশন সেন্টার ফর সিভিল লিবার্টিজ'-কেও শান্তি পুরস্কারে সম্মানিত করল নোবেল কমিটি। এই তিন পুরস্কার প্রাপকের নাম ঘোষণা করতে গিয়ে নোবেল কমিটির তরফে বলা হয়— 'শান্তি ও গণতন্ত্র রক্ষায় সাধারণ মানুষের ভূমিকা যে অনস্বীকার্য, সেই বিষয়টি তুলে ধরেছেন এই দু'টি সংস্থা এবং বেলারুশের এই সমাজকর্মী। যুদ্ধাপরাধ, মানবাধিকার লঙ্ঘন এবং ক্ষমতার অপব্যবহারের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক লড়াইয়ের স্বীকৃতি হিসেবেই এই সম্মান প্রদান।

## কোয়ান্টাম মেকানিক্সে পদার্থবিদ্যার নোবেল ত্রয়ীর



*বাঁদিক থেকে: অ্যালান আসপেক্ট, জন ফ্রান্সিস ক্লাউসার এবং অ্যান্টন জাইলিঙ্গার*

**৪ অক্টোবর:** কোয়ান্টাম মেকানিক্সের তিন গবেষক জন ফ্রান্সিস ক্লাউসার, অ্যালান আসপেক্ট এবং অ্যান্টন জাইলিঙ্গার এবছর পদার্থবিদ্যায় নোবেল পুরস্কার পেলেন। ওঁরা এন্ট্যাঙ্গলড পার্টিকল নিয়ে কাজ করে এই পুরস্কার পেলেন। ওঁরা তিনজন সমান ভাবে ভাগ করে নেবেন এক কোটি সুইডিশ ক্রোনরের (প্রায় ১০ লক্ষ ডলারের) পুরস্কার। নোবেল ফিজিক্স কমিটির চেয়ারম্যান অ্যান্ডার্স আরব্যাক সাংবাদিক সম্মেলনে ওই তিনজনের পুরস্কার জয়ের কথা ঘোষণা করে বলেন, কোয়ান্টাম মেকানিক্সে এখন বাস্তব-প্রয়োগের অনেক কিছুই করা যাচ্ছে। কোয়ান্টাম মেকানিক্স এখন পুরোদস্তুর টেকনোলজি।

## চিকিৎসাবিজ্ঞানে নোবেল




**৩ অক্টোবর:** এবছর শারীরবিদ্যা বা চিকিৎসাবিজ্ঞানে নোবেল পুরস্কার পেলেন ৬৭ বছর বয়সি সুইডিস বিজ্ঞানী সোয়ানটে পেবো। চল্লিশ বছর আগে ১৯৮২ সালে শারীরবিদ্যা বিভাগেই নোবেল পুরস্কার পেয়েছিলেন পেবোর বাবা সুনে বার্গস্ট্রম। পেবো বর্তমানে 'ম্যাক্স প্ল্যাঙ্ক ইনস্টিটিউট ফর ইভোলিউশনারি অ্যান্থ্রোপলজি'-র ডিরেক্টর। পেবোর কাজ সম্পর্কে উচ্ছ্বসিত নোবেল কমিটি জানিয়েছে "অসাধ্য সাধন করেছেন উনি। আমাদের বিলুপ্ত হয়ে যাওয়া 'আত্মীয়' নিয়ানডারথালের জেনেটিক কোড বিশ্লেষণ করেছেন।" মানব বিবর্তন ও তার ইতিহাস— কীভাবে পৃথিবীতে ছড়িয়ে পড়েছে মানুষ আর হাজার হাজার বছর ধরে কীভাবে সে তার অস্তিত্ব অক্ষুণ্ণ রেখেছে এসব সম্পর্কে আলোকপাত করেছেন পেবো।

## সাহিত্যে নোবেল




**৬ অক্টোবর:** এবছরের নোবেল সাহিত্য পুরস্কার পেলেন ফরাসি সাহিত্যিক আনি এরনো। সুইডিশ কমিটি জানিয়েছে, তাঁর সাহস, ধৈর্য না হারিয়ে শিকড়ের সন্ধান করা ও ব্যক্তিগত মিলন-বিরহের সম্পর্ককে তুলে ধরার মধ্যে যে মুন্সিয়ানা রয়েছে তা অনবদ্য। আর সেজন্যই তিনি এবারের বিজয়ী। তাঁর লেখা মূলত আত্মজীবনীমূলক বা স্মৃতিকথন। প্রথমদিকে কিছু আখ্যানধর্মী লেখা লিখলেও পরে তিনি সরে আসেন স্মৃতিকথায়। তাঁর বই 'আ উওম্যান'স স্টোরি, আ ম্যান'স প্লেস', 'সিম্পল প্লেস' বা 'আই রিমেইন ইন ডার্কনেস' বহু আলোচিত। তবে ২০০৮ সালে প্রকাশিত এরনোর স্মৃতিকথা 'দ্য ইয়ার্স'-কেই সবচেয়ে গুরুত্বপূর্ণ ও সেরা কাজ বলে বেছে নেওয়া হয়েছে।

## ইন্দোনেশিয়ার ফুটবল স্টেডিয়ামে দুর্ভাগ্যজনক মৃত্যু ১২৫ জনের



**২ অক্টোবর:** ইন্দোনেশিয়ায় ফুটবল ম্যাচ দেখতে গিয়ে প্রাণ গেল অন্তত ১২৫ জনের। সে দেশের মালাংয়ের কাঞ্জুরুহান স্টেডিয়ামের ফুটবল ম্যাচ ঘিরে অশান্তি বাধলে কাতারে-কাতারে দর্শক মাঠে ঢুকে পড়েন। পুলিশ কাঁদানে গ্যাস ছুড়লে শুরু হয় ছোটাছুটি। সেই সময় মূলত পদপিষ্ট ও শ্বাসরুদ্ধ হয়েই মারা যান বহু দর্শক। ইন্দোনেশিয়ার এই ঘটনা ফুটবলের ইতিহাসের অন্যতম বড় ট্র্যাজেডি। ঘটনায় অন্তত ১৮০ জন আহত হয়েছেন বলে আশঙ্কা করা হচ্ছে। ফিফা প্রেসিডেন্ট জিয়ান্নি এনফান্তিনো থেকে শুরু করে গোটা ফুটবল বিশ্ব শোকস্তব্ধ। ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট জোকো উইডোডো এই ঘটনার তদন্ত না হওয়া পর্যন্ত দেশে যাবতীয় ফুটবল ম্যাচ বন্ধ রাখার নির্দেশ দিয়েছেন।

## রসায়নে নোবেল তিন বিজ্ঞানীর



*বাঁদিক থেকে: মর্টেন মেলডাল, ব্যারি শার্পলেস এবং ক্যারোলিন বার্তোজ্জি*

**৫ অক্টোবর:** এবছর রসায়নে নোবেল পুরস্কার পেলেন আমেরিকার স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়ের রসায়নের অধ্যাপক ক্যারোলিন বার্তোজ্জি, স্ক্রিপস রিসার্চের ব্যারি শার্পলেস এবং ডেনমার্কের কোপেন হাগেন বিশ্ববিদ্যালয়ের মর্টেন মেলডাল। এর মধ্যে শার্পলেস এবার দ্বিতীয়বার নোবেল পেলেন। ২০০১ সালে অনুঘটক বিক্রিয়ার জন্য তিনি নোবেল পেয়েছিলেন। রসায়নে বিক্রিয়া মানে অণু-পরমাণু জুড়ে নতুন পদার্থ তৈরি। জোড়া দেওয়ার এক নতুন কৌশলের নামই ক্লিক কেমিস্ট্রি। ২০০০ সাল নাগাদ শার্পলেস ক্লিক কেমিস্ট্রি উদ্ভাবন এবং নামকরণ করেন। ক্লিক কেমিস্ট্রি এসে যাওয়ায় বিভিন্ন অণু-পরমাণুর জোড়া দেওয়া সহজ হয়েছে। এই পদ্ধতি এখন নানা ক্ষেত্রে ব্যবহার হচ্ছে। যেমন, ওষুধ প্রস্তুতে, প্রাণের মূলে থাকা অণু ডি-অক্সিরাইবো নিউক্লিক অ্যাসিড (ডিএনএ) তৈরি ইত্যাদিতে।

# এয়ার ইন্ডিয়ায় মহিলা কেবিন ক্রু

## ইন্টারভিউ পুনে, ব্যাঙ্গালোর, মুম্বইয়ে

পুনে, ব্যাঙ্গালোর ও মুম্বইয়ে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে বেশ কিছু কেবিন ক্রু নিয়োগ করবে এয়ার ইন্ডিয়া। এক্ষেত্রে শুধু মহিলারা আবেদনের যোগ্য। ইন্টারভিউয়ের তারিখ শহর অনুসারে যথাক্রমে ১০, ১৫ ও ১৭ নভেম্বর। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকলে আবেদন করা যাবে। প্রার্থীকে ইংরেজি ও হিন্দি বলায় স্বচ্ছন্দ হতে হবে। পাসপোর্ট থাকতে হবে।

বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। অভিজ্ঞরা ৩২ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন।

উচ্চতা হতে হবে অন্তত ১৫৫ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। প্রয়োজনীয় দৃষ্টিশক্তি ৬/৬। বডি মাস ইনডেক্স (বি এম আই) থাকতে হবে ১৮ থেকে ২২-এর মধ্যে।

ফর্মাল পোশাকে ইন্টারভিউ দিতে যাবেন। সঙ্গে রাখবেন বায়োডেটা এবং প্রয়োজনীয় নথিপত্র। অভিজ্ঞরা 'সেপ' সার্টিফিকেটের কপি সঙ্গে রাখবেন।

ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা ও সময়: **পুনে**: ওয়াক-ইন-ইন্টারভিউ ১০ নভেম্বর, সকাল সাড়ে ৯টা থেকে বেলা সাড়ে ১২টা। ঠিকানা: হোটেল ব্লু ডায়মন্ড, ১১, কোরেগাঁও রোড, পুনে-৪১১ ০০১।

**ব্যাঙ্গালোর**: ওয়াক-ইন-ইন্টারভিউ ১৫ নভেম্বর, সকাল সাড়ে ৯টা থেকে বেলা সাড়ে ১২টা। ঠিকানা: দি চেঁচেরি প্যাভিলিয়ন, ১৩৫, রেসিডেন্সি রোড, ব্যাঙ্গালোর-৫৬০০২৫।

**মুম্বই**: ওয়াক-ইন-ইন্টারভিউ ১৭ নভেম্বর, সকাল সাড়ে ৯টা থেকে বেলা সাড়ে ১২টা। ঠিকানা: স্কোয়্যার ম্যল, বি এন আগরওয়াল কমপ্লেক্স, ভিলে পার্ল, ভিলে পার্ল রেল স্টেশন (ইস্ট)। মুম্বই-৪০০ ০৫৭।

তথ্যের জন্য দেখবেন এই ওয়েবসাইট: https://www.airindia.in/careers.htm

# অ্যাটমিক মিনারেলসে ৩১২

*প্রথম পাতার পর*

সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। প্রাক্তন সমরকর্মী, প্রাক্তন পুলিশকর্মী ও সেন্ট্রাল প্যারা মিলিটারি ফোর্সের প্রাক্তন কর্মীদের ক্ষেত্রে সেই সঙ্গে নন-কমিশনড অফিসার পদে অন্তত ৫ বছরের বা জুনিয়র কমিশনড অফিসার পদে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৩৫,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা এবং লিখিত পরীক্ষার মাধ্যমে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিলোমিটার দৌড়, মহিলাদের ক্ষেত্রে ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়। লং জাম্প সর্বাধিক তিন বার সুযোগে পুরুষদের ক্ষেত্রে ৩.৬৫ মিটার, মহিলাদের ক্ষেত্রে ২.৭ মিটার। এছাড়াও থাকবে পুশ-আপ, সিট-আপ ও চিন-আপ (মহিলাদের ক্ষেত্রে শুধু সিট আপ)। দৈহিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণরা লিখিত পরীক্ষা দেওয়ার সুযোগ পাবেন। ৭৫ নম্বরের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে কম্প্রিহেনশন, রিপোর্ট রাইটিং এবং বেসিক ম্যাথমেটিক্স ও জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে। সময় দেড় ঘণ্টা।

**সিকিউরিটি গার্ড**: ২৭৪টি (সাধারণ ১৬২, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ২৮, ও বি সি ৪৬, আর্থিক ভাবে অনগ্রসর ১৮)। এর মধ্যে ২৯টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতন: ১৮,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা এবং লিখিত পরীক্ষার মাধ্যমে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ১৬ সেকেন্ডে ১০০ মিটার (মহিলাদের ক্ষেত্রে ২০ সেকেন্ডে ১০০ মিটার) দৌড়। সর্বাধিক ৩টি সুযোগে ৩.৬৫ মিটার (মহিলাদের ক্ষেত্রে ২.৭ মিটার) লং জাম্প। এছাড়াও থাকবে পুশ আপ, চিন আপ ও সিট আপ (মহিলাদের ক্ষেত্রে শুধু সিট আপ)। দৈহিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণরা লিখিত পরীক্ষায় বসার সুযোগ পাবেন। লিখিত পরীক্ষায় ৭৫ নম্বরের প্রশ্ন হবে এই সব বিষয়ে: কম্প্রিহেশন, জেনারেল অ্যাওয়্যারনেস, অ্যানালিটিক্যাল বা বেসিক ম্যাথমেটিক্স। সময়সীমা দেড় ঘণ্টা।

পরীক্ষা ডিসেম্বর-জানুয়ারিতে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**অ্যাসিস্ট্যান্ট সিকিউরিটি অফিসার-এ এবং সিকিউরিটি গার্ড পদের ক্ষেত্রে দৈহিক মাপজোক**: উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৬৭ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি, গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৬৫ সেমি), মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫৪ সেমি, গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫৫ সেমি)। বুকের ছাতি: শুধু পুরুষদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ সেমি ও ৮৫ সেমি (তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৭ সেমি ও ৮২ সেমি)।

সব ক্ষেত্রেই ১৭-১১-২০২২ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলি, ও বি সি, প্রাক্তন সমরকর্মী এবং দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। সশস্ত্র বাহিনী বা পুলিশ বাহিনী থেকে ডিসচার্জ বা অবসর গ্রহণের পর ৩ বছর পেরিয়ে গেলে আবেদন করবেন না।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.amd.gov.in দরখাস্তের শেষ তারিখ ১৭ নভেম্বর। প্রার্থীর বৈধ ই-মেল আই ডি থাকতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইনে দিতে হবে অ্যাসিস্ট্যান্ট সিকিউরিটি অফিসার-এ পদের ক্ষেত্রে ২০০ টাকা এবং সিকিউরিটি গার্ড পদের ক্ষেত্রে ১০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# দিল্লি সরকারে ২০৩ লাইব্রেরিয়ান ও শিক্ষক

*প্রথম পাতার পর*

থাকতে হবে, অথবা কম্পিউটার অ্যাপ্লিকেশনে ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে ।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (কম্পিউটার সায়েন্স)**: পোস্ট কোড 39/22: শূন্যপদ: ৩৭টি। শিক্ষাগত যোগ্যতা: বি সি এ অথবা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে বি ই বা বি টেক। অথবা স্নাতক, সঙ্গে ডোয়েক 'এ' লেভেল কোর্স পাশ।

**ডোমেস্টিক সায়েন্স টিচার**: পোস্ট কোড 40/22: শূন্যপদ: ৫২টি। শিক্ষাগত যোগ্যতা: ডোমেস্টিক সায়েন্স বা হোম সায়েন্সে স্নাতক। অথবা বি এড পাশ, বি এডে টিচিং বিষয় হিসেবে ডোমেস্টিক সায়েন্স বা হোম সায়েন্স পড়ে থাকতে হবে। মাধ্যমিক স্তরে অন্যতম বিষয় হিসেবে হিন্দি পড়ে থাকতে হবে।

**ফিজিক্যাল এডুকেশন টিচার**: পোস্ট কোড 41/22: শূন্যপদ: ৮৯টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন (বি পি এড) কোর্স পাশ।

**বয়স**: ১৮-১১-২০২২ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ২০০ নম্বরের লিখিত পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষা নেওয়া হবে দু'টি সেকশনে। সেকশন-এ-তে প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়্যারনেস, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবিলিটি, অ্যারিথমেটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, হিন্দি ও ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন বিষয়ে। সেকশন-বি-তে থাকবে সংশ্লিষ্ট বিষয়ের উপর প্রশ্ন। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষাকেন্দ্র দিল্লি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://dsssbonline.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ১৮ নভেম্বর পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা। ফি দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া-ই পে-র মাধ্যমে। অনলাইনে ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

দরখাস্ত এবং প্রার্থী বাছাই পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: https://dsssb.delhi. gov.in

# ফল বেরোল

ন্যাশনাল টেস্টিং এজেন্সি আয়োজিত সি এস আই আর ইউ জি সি নেট জুন ২০২২ পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: https://ntaresults.nic.in প্রার্থীর অ্যাপ্লিকেশন নম্বর, জন্মতারিখ ও সিকিউরিটি পিনের সাহায্যে পরীক্ষায় ফল দেখা যাবে।

# কবে কোন পরীক্ষা

স্টাফ সিলেকশন কমিশন আয়োজিত কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এক্সামিনেশন (টিয়ার-ওয়ান), ২০২২ পরীক্ষা হবে ১ থেকে ১৩ ডিসেম্বর পর্যন্ত। বিশদ জানতে দেখুন এই ওয়েবসাইট: https://ssc.nic.in

# মশারোধী ভেষজ ধূপকাঠি আয়ের পথ দেখাচ্ছে

*প্রথম পাতার পর*

মশারোধী ধূপকাঠি। শহরে তো বটেই, মফস্সল ও গ্রামের প্রতিটি মুদির দোকানেও পাওয়া যায় মশামারা ধূপ।

ভেষজ মশামারা ধূপ আপনাকে ঘরে বসেই উপার্জনের পথ দেখাতে পারে। মাত্র ২৫-৩০ হাজার টাকা বিনিয়োগ করেই ব্যবসায় নামা যায়। কলকাতার বাসিন্দা তনয় সরকার গত সাড়ে তিন বছর ধরে এই ব্যবসা করছেন। তার আগে অবশ্য তিনি প্রশিক্ষণ নিয়েছিলেন। ভেষজ মশারোধী ধূপকাঠির পাশাপাশি তিনি সাধারণ সুগন্ধী ধূপকাঠিও তৈরি করেন। তাঁর তৈরি ধূপকাঠি নেন বাগবাজার রামকৃষ্ণ মঠ ও মিশন। এছাড়া দিল্লি, মুম্বই, লখনউ, চেরাপুঞ্জি, আন্দামান-সহ বিভিন্ন জায়গার রামকৃষ্ণ মঠ ও মিশনে সরবরাহ করা হয় এই ধূপকাঠি। কিছু খুচরো ব্যবসায়ীও তনয়বাবুর তৈরি ধূপকাঠি তাঁদের দোকানে রাখতে পছন্দ করেন। সুগন্ধী ধূপকাঠির পাশাপাশি মশারোধী ধূপকাঠির চাহিদাও যে বাড়ছে, এ বিষয়ে তনয়বাবুর সঙ্গে একমত হতে দেখা গেল অভিজ্ঞ ব্যবসায়ী, হলদিয়ার শুভ্রাংশু মণ্ডলকেও। প্রশিক্ষণ নিয়ে সাড়ে পাঁচ বছর ধরে সুগন্ধী ধূপকাঠির পাশাপাশি মশানাশক ধূপকাঠিও তৈরি করছেন তিনি। জানালেন, পশ্চিম মেদিনীপুর জুড়ে তাঁর তৈরি ধূপকাঠির ব্যাপক চাহিদা আছে।

## কোথায় প্রশিক্ষণ

প্রশিক্ষণ নিয়ে ব্যবসা শুরু করলে পরবর্তী সময়ে ব্যবসা বাড়াতে সব দিক থেকেই সুবিধা হবে। কেন্দ্রীয় সরকার কর্তৃক স্বীকৃত প্রগতি রিসার্চ ইনস্টিটিউট মশারোধী ধূপ, রেপেলেন্ট, স্প্রে, তেল ইত্যাদি তৈরির প্রশিক্ষণ দিয়ে থাকে। এখানে মশারোধী সামগ্রী তৈরি করা শেখার জন্য দুটো কোর্স আছে।

**মসকুইটো আইটেম কোর্স**: মশানাশক স্প্রে, অয়েল, কয়েল ইত্যাদি তৈরি করা শেখানো হয়। কোর্সের মেয়াদ: ১৫ দিন। প্রশিক্ষণ ফি: ৭,৯০০ টাকা।

**মশারোধী ধূপকাঠি তৈরির কোর্স**: এই কোর্সে ভেষজ ও সিনথেটিক মশারোধী ধূপকাঠি তৈরির পাশাপাশি সাধারণ সুগন্ধী ধূপকাঠি তৈরির প্রশিক্ষণ দেওয়া হয়। কোর্সের মেয়াদ: ৭ থেকে ১০ দিন। প্রশিক্ষণ ফি: ৫,০০০ টাকা।

প্রগতিতে এই কোর্সগুলিতে ভর্তি হওয়ার জন্য বছরের যে-কোনও সময়ই আবেদন করা যায়। শুক্রবার বাদে ছাত্রছাত্রীরা তাঁদের সুবিধা অনুযায়ী সপ্তাহের যে-কোনও দু' দিন প্রশিক্ষণ নিতে পারেন। হাতে-কলমে কাজ শেখার পর শিক্ষার্থী কী ভাবে ব্যবসা করবেন, কোথা থেকে উপকরণ সংগ্রহ করবেন, কী ভাবে লাইসেন্স পাবেন এবং উৎপন্ন সামগ্রী বিপণন করবেন, সে বিষয়ে যাবতীয় ধারণা তাঁকে দেওয়া হয়। কর্মশালায় যাবতীয় উপকরণ দেওয়া হয়। বাইরে থেকে শিক্ষার্থীকে কিছু আনতে হয় না। প্রশিক্ষণের পরে সার্টিফিকেট দেওয়া হয়। ব্যবসা করার সময় এখানকার প্রাক্তন ছাত্রছাত্রীদের কোনও সমস্যা হলে সম্পূর্ণ বিনামূল্যে তাঁদের পরামর্শ দেওয়া হয় এবং সমস্যার সমাধান করা হয়।

**যোগাযোগ**: প্রগতি, নর্থ ঘোষপাড়া গ্যাসগিট রোড, বালি, হাওড়া। ফোন-২৬৭১-০২৯২ (সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে)। মোবাইল-৯৪৩২৪-৯০৩২৯/ (০৩৩) ২৬৭১-০২৯২।

## মশারোধী ধূপকাঠি তৈরির মেশিন

সাধারণ সুগন্ধী ধূপকাঠি তৈরির মেশিনেই মশারোধী ধূপকাঠি তৈরি করা যায়। সম্পূর্ণ ম্যানুয়াল মেশিনের দাম ১২ হাজার টাকা। এই মেশিনে ঘণ্টাপিছু উৎপাদনের পরিমাণ নির্ভর করে কারিগরের দক্ষতার উপর। অটোমেটিক বা সম্পূর্ণ স্বয়ংক্রিয় ধূপকাঠির মেশিনের দাম ৮০ হাজার টাকা। এই মেশিনে ৬ ঘণ্টায় ৪০ কেজি ধূপকাঠি তৈরি হয়।

**যোগাযোগ**: ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রি, ৬১, গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা-৭০০০১৩। ফোন: (০৩৩) ২২৩৬-৮০১৫, ৯৪৩২৪-২২০৮৬। ইমেল: bharatmachinetools1@rediffmail.com

মেশিন বসানো এবং মেশিন পরিচালনার ট্রেনিং বিনামূল্যে দেয় এই সংস্থা।

## ব্যবসা শুরু করার আগে

ধূপকাঠি তৈরি করে ব্যবসা করার জন্য বিরাট পুঁজির প্রয়োজন নেই, প্রয়োজন নেই বড় জায়গার। এমনকী লোকবল ছাড়াই একজন একা হাতে তৈরি করতে পারবেন। তবে যাঁদের কাছে প্রশিক্ষণ নিয়ে উৎপাদন শুরু করার মতো সুযোগ বা পরিকাঠামো নেই, তাঁরা বিভিন্ন সংস্থা থেকে বা সরাসরি উৎপাদনকারীদের কাছ থেকে ভেষজ ধূপকাঠি বা সিট্রোনেলা অয়েল বা লোশনের ডিলারশিপ নিয়ে বিক্রি করতে পারেন। সে ক্ষেত্রে কাজটি হবে মূলত বিপণনের। ব্যবসা শুরু করার আগে বাজার-সমীক্ষা করে নিজের অঞ্চলে সংশ্লিষ্ট সামগ্রীর চাহিদা আছে কিনা যাচাই করে নিন। প্রচারের জন্য সোশ্যাল মিডিয়ার সাহায্য নিন, কাগজে বিজ্ঞাপন দিতে পারেন এবং অবশ্যই জনসংযোগ বাড়ান।

SBI
ভারতীয় স্টেট ব্যাঙ্ক
কেন্দ্রীয় নিয়োগ ও পদোন্নতি দপ্তর
কর্পোরেট সেন্টার, মুম্বাই
ফোন: 022-22820427; ইমেল: crpd@sbi.co.in

সার্কেল ভিত্তিক অফিসারদের নিয়োগ

ভারতীয় স্টেট ব্যাঙ্কে সার্কেল ভিত্তিক অফিসার হিসাবে স্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য যোগ্য ভারতীয় নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে

শূন্যপদের সংখ্যা: 1422
(পূর্বের বকেয়া শূন্যপদ সহ)

যোগ্যতার মানদণ্ড (বয়স, যোগ্যতা, ইত্যাদি), প্রয়োজনীয় ফি এবং অন্যান্য বিবরণ, অনলাইনে আবেদন জমা দেওয়ার এবং অনলাইন ফি প্রদানের লিঙ্ক, ব্যাঙ্কের ওয়েবসাইটে পাওয়া যাবে https://bank.sbi/careers বিজ্ঞাপন সংখ্যা CRPD/CBO/2022-23/22-এর মধ্যে। প্রার্থীদের বিস্তারিত বিজ্ঞাপন মনোযোগ সহকারে পড়তে বলা হচ্ছে এবং আবেদন করার ও ফি পাঠানোর আগে তাদের যোগ্যতা এবং অন্যান্য বিবরনের বিষয়ে নিশ্চিত হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

- অনলাইন আবেদন এবং ফি প্রদানের তারিখ: 18.10.2022 থেকে 07.11.2022

যেকোনো প্রশ্নের জন্য, অনুগ্রহ করে আমাদের ব্যাঙ্কের ওয়েবসাইটে উপলব্ধ এই লিঙ্ক https://bank.sbi/careers-এ গিয়ে "CONTACT US" —> "Post Your Query"-তে লিখে জানান।

স্থান: মুম্বাই
তারিখ: 18.10.2022
মহাপ্রবন্ধক

Seacom Group of Colleges
DHULAGARH • SANKRAIL • HOWRAH
DIRECT ADMISSION FOR FEW DROPOUT SEATS

B.TECH
(MAKAUT, AICTE)
Computer Science, Information Technology, ECE, Mechanical, Electrical, Civil
WBJEE/JEEMAINS Rank Mandatory, upto 50% Scholarship Available, Training on AI&ML

B.PHARM
(MAKAUT, PCI, AICTE)
WBJEE/JEEMAINS Rank Mandatory, few seats available in special quota

MBA
(MAKAUT, AICTE)
Dual Specialization in Marketing, Systems, Finance, HR, Operations, Healthcare
Special Training in Retail, Medical Representative, Banking & Finance

MCA
(MAKAUT, AICTE)
Special Training in Data Science / Cyber Security / Hardware & Networking / Artificial Intelligence

www.seacomengineering.org | www.seacomeducation.co.in | www.seacommarinecollege.org | www.seacommanagement.org
EXCELLENT INTERNSHIP & PLACEMENT RECORD
Call : 7605050243 / 42
UPTO 50% SCHOLARSHIP FOR MERITORIOUS STUDENTS
W.B. GOVT. STUDENT CREDIT CARD FACILITY AVAILABLE

## মাতা সুন্দরী মহিলা কলেজে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

বিভিন্ন বিভাগে ৯২ জন অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে মাতা সুন্দরী কলেজ ফর উইমেন। এটি দিল্লি বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ একটি কলেজ। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: MSC/ADMN/47/2022-Adv01.

**বিভাগ অনুসারে শূন্যপদ:** কমার্স: ১১টি। কম্পিউটার সায়েন্স: ৬টি। ইকনমিক্স: ৬টি। এডুকেশন অ্যান্ড এলিমেন্টারি এডুকেশন: ১০টি। ইংলিশ: ৯টি। এনভায়রনমেন্টাল স্টাডিজ: ২টি। হিন্দি: ৭টি। হিস্ট্রি: ৫টি। ম্যাথমেটিক্স: ৬টি। মিউজিক: ১টি। ফিলোজফি: ২টি। ফিজিক্যাল এডুকেশন: ১টি। পলিটিক্যাল সায়েন্স: ৯টি। সাইকোলজি: ৩টি। পাঞ্জাবি: ৫টি। সংস্কৃত: ৪টি। স্ট্যাটিস্টিক্স: ৫টি।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত ভারতীয় বা বিদেশি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে ইউ জি সি বা সি এস আই আর নেট পরীক্ষায় পাশ করে থাকতে হবে। অথবা নির্দিষ্ট কিছু সমীক্ষা অনুসারে বিশ্বের ক্রমতালিকায় থাকা প্রথম ৫০০টি বিশ্ববিদ্যালয়ের কোনও একটি থেকে পি এইচ ডি ডিগ্রি অর্জন করে থাকতে হবে।

**শুরুতে বেতন:** ৫৭,৭০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত ক্ষেত্রে প্রাপ্ত নম্বর, গবেষণামূলক প্রকাশনা ও শিক্ষকতার অভিজ্ঞতার ভিত্তিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.colrec.uod.ac.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৫ নভেম্বর।

খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.mscw.ac.in

## সি আর পি এফে ৩২২ খেলোয়াড়

*প্রথম পাতার পর*

**দৈহিক মাপজোক:** উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৭০ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি, মাওবাদী অধ্যুষিত জেলার তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬০ সেমি এবং গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫৭ সেমি) এবং মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫০ সেমি, মাওবাদী অধ্যুষিত জেলার তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৪৭.৫ সেমি এবং গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫২.৫ সেমি)। বুকের ছাতি: শুধুমাত্র পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি এবং তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)। সব ক্ষেত্রেই বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। দৃষ্টিশক্তি: কাছের ক্ষেত্রে ভালো চোখে এন-৬, খারাপ চোখে এন-৯। দূরের ক্ষেত্রে ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/৯। চশমা থাকলে আবেদন করা যাবে না। রং চেনার ক্ষমতা সি পি-থ্রি মানের হতে হবে।

**বয়স:** ২৮-১১-২০২২ তারিখে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ২৫,৫০০-৮১,১০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে নথিপত্র যাচাই, দৈহিক মাপজোক যাচাই, খেলাধুলার পরীক্ষা এবং মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.crpf.gov.in পূরণ করবেন যথাযথ ভাবে।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

✓দু'কপি পাসপোর্ট মাপের প্রত্যয়িত ফটো। একটি ফটো দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। অপর ফটোটি দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন।

✓ফি বাবদ ১০০ টাকার ক্রসড ইন্ডিয়ান পোস্টাল অর্ডার বা স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার ডিমান্ড ড্রাফট। মহিলা ও তফসিলিদের ফি দিতে লাগবে না। আর্চারি, অ্যাথলেটিক্স ও ওয়েটলিফটিংয়ের ক্ষেত্রে ফি 'Dy Inspector General, GC, CRPF, New Delhi, Jharodakalan, New Delhi-110072'-এর অনুকূলে প্রদেয় হতে হবে। ব্যাডমিন্টন, শুটিং, সুইমিং, ট্রায়াথলন ও ওয়াটার পোলোর ক্ষেত্রে ফি 'Dy Inspector General, GC, CRPF, Gurugram, Haryana-122098'-এর অনুকূলে প্রদেয় হতে হবে। বাস্কেটবল, ফুটবল, হকি ও ওয়াটার স্পোর্টসের ক্ষেত্রে ফি 'Dy Inspector General, GC, CRPF, Jalandhar, Po-Kartarpur, Dist-Jalandhar, Punjab-144805'-এর অনুকূলে প্রদেয় হতে হবে। জুডো, ভলিবল, তায়কোন্ডো ও উশুর ক্ষেত্রে ফি 'Dy Inspector General, GC-II, CRPF, Ajmer, Foy Sagar Road, Ajmer, Rajasthan-305007'-এর অনুকূলে প্রদেয় হতে হবে। বডিবিল্ডিং ও ক্যারাটের ক্ষেত্রে ফি 'Dy Inspector General, GC, CRPF, Kathgodam, Nainital, Uttrakhand-263126'-এর অনুকূলে প্রদেয় হতে হবে। জিমন্যাস্টিক্স ও হ্যান্ডবলের ক্ষেত্রে ফি 'Dy Inspector General, GC, CRPF, Prayagraj, Phaphamau, Prayagraj, Uttar Pradesh-211022'-এর অনুকূলে প্রদেয় হতে হবে। বক্সিং, কবাডি ও রেসলিংয়ের ক্ষেত্রে ফি 'Dy Inspector General, GC, CRPF, Sonepat Vill-Khewra, Po-Bahalgarh, Meerut Road, Sonepat, Haryana-131021'-এর অনুকূলে প্রদেয় হতে হবে।

✓বয়সের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।

✓শিক্ষাগত ও খেলাধুলার যোগ্যতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

✓তফসিলি এবং ও বি সিদের ক্ষেত্রে যথাযথ ভাবে পূরণ করা অ্যানেক্সচার 'জি' ও 'এইচ'।

✓আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।

✓কর্মরতদের ক্ষেত্রে যথাযথ ভাবে পূরণ করা অ্যানেক্সচার 'বি'।

✓যথাযথ ভাবে পূরণ করা অ্যাডমিট কার্ডের ফর্ম (অ্যানেক্সচার 'এ১')।

✓নিজের নাম-ঠিকানা লেখা ও প্রতিটিতে ২৫ টাকা মূল্যের ডাকটিকিট সাঁটানো ২৩×১০ সেমি মাপের দু'টি খাম।

দরখাস্ত ভরা খামের উপর লিখবেন 'APPLICATION FOR THE RECRUITMENT OF SPORTSPERSON IN CRPF AGAINST SPORTS QUOTA-2022'

২৮ নভেম্বরের মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে ক্রীড়াক্ষেত্র অনুসারে উপরোক্ত ঠিকানায়। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ছয় পুলিশ বাহিনী, আসাম রাইফেলস ও নার্কোটিক্স কন্ট্রোল ব্যুরোতে

# ২৪৩৬৯ কনস্টেবল, রাইফেলম্যান ও সিপাই

*প্রথম পাতার পর*

৬৯)।

**ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্স:** পুরুষ: ১,৩৭১টি (সাধারণ ৬৩৭, তফসিলি জাতি ১৮৮, তফসিলি উপজাতি ১৫৯, ও বি সি ২৭৭, আর্থিক ভাবে অনগ্রসর ১১০)। মহিলা: ২৪২টি (সাধারণ ১৩৫, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ২২, ও বি সি ৪৮, আর্থিক ভাবে অনগ্রসর ৭)।

**সেক্রেটারিয়েট সিকিউরিটি ফোর্স:** পুরুষ: ৭৮টি (সাধারণ ৩২, তফসিলি জাতি ২৪, ও বি সি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৮)। মহিলা: ২৫টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৮, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)।

**আসাম রাইফেলস (রাইফেলম্যান-জেনারেল ডিউটি):** পুরুষ: ১,৬৯৭টি (সাধারণ ৭১৬, তফসিলি জাতি ১৯১, তফসিলি উপজাতি ৩১৩, ও বি সি ৩০৮, আর্থিক ভাবে অনগ্রসর ১৬৯)।

**নার্কোটিক্স কন্ট্রোল ব্যুরো:** ১৬৪টি (সাধারণ ৬৭, তফসিলি জাতি ২৫, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৩৮, আর্থিক ভাবে অনগ্রসর ২৩)।

মোট শূন্যপদের ১০ শতাংশ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক পাশ। এন সি সি সার্টিফিকেটধারীরা অগ্রাধিকার পাবেন।

**বয়স:** সব ক্ষেত্রেই ১-১-২০২৩ তারিখে ১৮ থেকে ২৬ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৭ থেকে ১-১-২০০৫-এর মধ্যে। বয়সের উর্ধ্বসীমা সাধারণত ২৩ বছর হলেও, কোভিড অতিমারির প্রেক্ষিতে বয়সের উর্ধ্বসীমা কেবল এ বছরের জন্য বাড়ানো হল বলে কর্তৃপক্ষের তরফে জানানো হয়েছে। বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** ছেলেদের ক্ষেত্রে উচ্চতা ১৭০ সেমি (গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫৭ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি), বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি, গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি)। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা ১৫৭ সেমি (গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫২.৫ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫০ সেমি)। সব ক্ষেত্রেই উচ্চতা অনুযায়ী ওজন থাকতে হবে।

**বেতনক্রম:** সিপাই পদের ক্ষেত্রে ১৮,০০০-৫৬,৯০০ টাকা। বাকি পদের ক্ষেত্রে ২১,৭০০-৬৯,১০০ টাকা।

প্রার্থী বাছাই হবে কম্পিউটারভিত্তিক লিখিত পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা দৈহিক সক্ষমতার পরীক্ষায় বসার সুযোগ পাবেন।

লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে: জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, জেনারেল নলেজ ও জেনারেল অ্যাওয়্যারনেস, এলিমেন্টারি ম্যাথমেটিক্স ও ইংলিশ বা হিন্দি। মোট নম্বর ১৬০। সময় ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

কম্পিউটারভিত্তিক পরীক্ষা নেওয়া হবে জানুয়ারিতে।

পশ্চিমবঙ্গে (স্টেট কোড ৩৬) লিখিত পরীক্ষার কেন্দ্রগুলি হল: কলকাতা (সেন্টার কোড ৪৪১০), শিলিগুড়ি (সেন্টার কোড ৪৪১৫) এবং হুগলি (সেন্টার কোড ৪৪১৮)।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে— পুরুষদের ক্ষেত্রে ২৪ মিনিটে ৫ কিলোমিটার দৌড়, মেয়েদের ক্ষেত্রে সাড়ে ৮ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়। প্রাক্তন সমরকর্মীদের দৈহিক সক্ষমতার পরীক্ষা দিতে হবে না।

দরখাস্তে পছন্দের ক্রমানুসারে পদের কোড লিখতে হবে। বাহিনী অনুসারে পোস্ট কোড: বর্ডার সিকিউরিটি ফোর্স 'এ', সি আই এস এফ 'বি', সি আর পি এফ 'সি', এস এস বি 'ডি', ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্স 'ই', আসাম রাইফেলস 'এফ', এস এস এফ 'এইচ', এন সি বি 'জি'।

অনলাইন দরখাস্ত করতে হবে দু'টি পর্যায়ে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssc.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি ও মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩০ নভেম্বর। দরখাস্ত করার আগে রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং সই (১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। ২৭-১০-২০২২ তারিখ অনুসারে তিন মাসের বেশি পুরনো ফটো চলবে না। রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে রেজিস্ট্রেশন আই ডি ও পাসওয়ার্ড পাবেন। এগুলি ব্যবহার করে দরখাস্ত করতে হবে। রেজিস্ট্রেশন ব্যবস্থাটি এককালীন। যাঁরা আগেই রেজিস্ট্রেশন করেছেন তাঁদের আর নতুন করে রেজিস্ট্রেশনের দরকার নেই। পুরনো রেজিস্ট্রেশন আই ডি ও পাসওয়ার্ড ব্যবহার করে অনলাইন দরখাস্ত করা যাবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। ফি জমা দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই। অনলাইনে ফি জমা দেওয়া যাবে ভীম ইউ পি আই বা নেট ব্যাঙ্কিং বা ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ত্রো/রুপে ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। অফলাইনে ফি জমা দিতে হবে চালানের মাধ্যমে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার কোনও শাখায়। ১ ডিসেম্বর পর্যন্ত অনলাইনে এবং ব্যাঙ্ক কাউন্টারে ফি জমা দেওয়া যাবে। তবে, অফলাইনে ফি জমা দিতে চাইলে ৩০ নভেম্বর, রাত সাড়ে ১১টার মধ্যে চালান ডাউনলোড করবেন। অনলাইনে ফি জমা দিলে ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। মহিলা প্রার্থী, তফসিলি জাতি ও উপজাতি এবং প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## সরকারি টাঁকশালে চাকরি

জুনিয়র টেকনিশিয়ান টার্নার, ল্যাব অ্যাসিস্ট্যান্ট, সাব-স্টেশন অপারেটর-সহ বিভিন্ন পদে ১৯ জনকে নেবে কলকাতার আলিপুরের ইন্ডিয়া গভর্নমেন্ট মিন্ট। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: IGMK/HR (Estt.)/Rect./02/2022.

**শূন্যপদের বিবরণ:** জুনিয়র টেকনিশিয়ান: টার্নার (সি এন সি অপারেটর): ৩টি, মেশিনিস্ট ২টি, ফার্নেসম্যান ১টি, ওয়েল্ডার ১টি, মেকানিক্যাল ২টি, ইলেক্ট্রনিক্স ১টি। ল্যাব অ্যাসিস্ট্যান্ট: ৪টি। সাব-স্টেশন অপারেটর: ৩টি। সুপারভাইজর: ২টি।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://igmkolkata.spmcil.com দরখাস্তের শেষ তারিখ ২৯ নভেম্বর। বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## সেন্ট্রাল পাওয়ার রিসার্চে চাকরি

বিভিন্ন পদে ৬৫ জনকে নিয়োগ করবে সেন্ট্রাল পাওয়ার রিসার্চ ইনস্টিটিউট। এটি কেন্দ্রের শক্তি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে ইঞ্জিনিয়ারিং অফিসার গ্রেড-ওয়ান, সায়েন্টিফিক/ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট, টেকনিশিয়ান গ্রেড-ওয়ান, অ্যাসিস্ট্যান্ট গ্রেড-টু, মাল্টি টাস্কিং স্টাফ গ্রেড-ওয়ান (ওয়াচম্যান) পদে। মাল্টি টাস্কিং স্টাফ গ্রেড-ওয়ান (ওয়াচম্যান) পদের ক্ষেত্রে শুধু প্রাক্তন সমরকর্মীরা আবেদন করবেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CPRI/11/2022 RECRUITMENT.

**শূন্যপদের বিবরণ: ইঞ্জিনিয়ারিং অফিসার গ্রেড-ওয়ান:** ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা মেকানিক্যাল বা সিভিল ইঞ্জিনিয়ারিং শাখায় প্রথম শ্রেণির নম্বর-সহ বি ই বা বি টেক। সেই সঙ্গে ২০২১ বা ২০২২-এর গেট পরীক্ষায় র‍্যাঙ্ক করে থাকতে হবে। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা।

**সায়েন্টিফিক/ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট:** ৭টি (সাধারণ ৬, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে প্রথম শ্রেণির নম্বর-সহ কেমিস্ট্রিতে বি এসসি। ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল বা সিভিল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং শাখায় প্রথম শ্রেণির নম্বর-সহ ৩ বছরের ডিপ্লোমা। সব ক্ষেত্রেই সংশ্লিষ্ট কাজে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

**টেকনিশিয়ান গ্রেড-ওয়ান:** ১৫টি (সাধারণ ৮, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিশিয়ান ট্রেডে আই টি আই সার্টিফিকেট। মাধ্যমিক-সহ ইলেক্ট্রিশিয়ান ট্রেডে ২ বছরের আই টি আই সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার। **বয়স:** ২৮ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড-টু:** ১৬টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৩, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** প্রথম শ্রেণির নম্বর-সহ বি এ বা বি কম বা বি এসসি বা বি বি এ বা বি বি এম ডিগ্রি। এ ছাড়া কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৫,৫০০-৮১,১০০ টাকা।

**মাল্টি টাস্কিং স্টাফ গ্রেড-ওয়ান (ওয়াচম্যান):** ৭টি (প্রাক্তন সমরকর্মী-সাধারণ ৪, প্রাক্তন সমরকর্মী-তফসিলি উপজাতি ১, প্রাক্তন সমরকর্মী-ও বি সি ১, প্রাক্তন সমরকর্মী-আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক পাশ। আর্মি বা নেভি বা এয়ারফোর্সে কাজ করে থাকতে হবে। **বয়স:** ৪৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

২১-১১-২০২২ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://cpri.res.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২১ নভেম্বর। বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

**GUPTA COLLEGE OF TECHNOLOGICAL SCIENCES**
(Fully Dedicated College of Pharmacy)
Ashram More, G.T. Road, Asansol , Dist : Paschim Bardhaman , Asansol- 713301 W.B.
Estd : 2000
Approved by AICTE, PCI & UGC2(F), Affiliated to MAKAUT
A Hallmark of Academic Excellence
**POSITION VACANT**
Gupta College of Technological Sciences is one of the best pharmacy colleges in India ( NIRF ranking 2022 Pharmacy Rank Band 102-125). We require teachers for the following faculty positions.
- Associate Professor in Pharmaceutics.
- Assistant Professor in Pharmaceutics.
- Assistant Professor in Medicinal Chemistry.
- Assistant Professor in Pharmacology.
- Associate Professor in Pharmacognosy.
- Assistant Professor in Pharmacognosy.
- Associate Professor in Pharmacy Practice.
- Assistant Professor in Pharmacy Practice.

Qualification & Salary as per AICTE & PCI Norms
Apply within 10 days with CV with recent passport size photo & contact number and photocopy of all relevant certificates.
email to : gctsasansol@gmail.com

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in